

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬০
ভূমিকা পর্ব (كتاب المقدمة)
পরিচ্ছেদঃ ৯. ঈমানের বিবরণ

بَابِ فِي الْإِيمَان

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَنْبَأَنَا مَعْمَرٌ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِذَا خَلَّصَ اللَّهُ الْمُوْمِنِينَ مِنَ النَّارِ وَأُمِنُوا فَمَا مُجَادَلَةُ أَحَدِكُمْ لِصاحِبِهِ فِي الْحَقِّ يَكُونُ لَهُ فِي الدُّنْيَا أَشَدَ مُجَادَلَةً مِنَ الْمُوْمِنِينَ لِرَبِّهِمْ فِي إِخْوَانِهِمُ الَّذِينَ أُدْخِلُوا النَّارَ . قَالَ يَقُولُونَ رَبَّنَا إِخْوَانُنَا كَانُوا يُصِلُونَ مَعْنَا وَيَصُومُونَ مَعْنَا وَيَحُجُّونَ مَعْنَا فَأَدْخَلُوا النَّارَ . فَيَقُولُ رَبَّنَا إِخْوَانُنَا كَانُوا يُصِلُونَ مَعْنَا وَيَصُومُونَ مَعْنَا وَيَحُجُّونَ مَعْنَا فَأَدْخَلُتَهُمُ النَّارَ . فَيَقُولُ الْهَبُوا فَأَخْرِجُوا مَنْ عَرَفْتُمْ مِنْهُمْ فَيَأْتُونَهُمْ فِي إِخْوَانِهِمُ الْآلِيَّ لَيْعُرِفُونَهُمْ بِصُورَهِمْ لاَ تَأْكُلُ النَّارُ صُورَهُمْ فَيَأْتُونَهُمْ فِي أَخْرَجُوا مَنْ كَانُ فِي قَلْبِهِ فَيْخُرِجُونَهُمْ فَيَأْتُونَهُمْ مَنْ أَخْذَتُهُ إِلَى كَعْبَيْهِ فَيُخْرِجُونَهُمْ فَيَأْتُونَهُمْ مَنْ أَخْرَجُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ وَزْنُ بِينَارٍ مِنَ فَيْقُولُ أَنْ إِنَى أَنْهُ مَنْ لَمُ يُعْمَلُ لَمْ يُعْمَلُ أَعْرَجُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ وَزْنُ بِينَارٍ مِنَ فَيْقُولُ أَنْ إِنَ اللَّهَ لاَ يَظْلُمُ مِثْقَالَ دَرَّةٍ وَإِنْ تَكُ خَرْدُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ مِثْقَالَ دَرَّةٍ وَإِنْ تَكُ خَسَنَةً يُضَاعِفُهَا وَيُونُتِ مِنْ لَدُنُهُ أَجْرًا عَظِيمًا) .

বাংলা

২/৬০। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন আল্লাহ তাআলা (কিয়ামতের দিন) মুমিনদেরকে জাহান্নাম থেকে মুক্তি দিবেন এবং তারা নিরাপদ হয়ে যাবে, তখন ঈমানদারগণ তাদের জাহান্নামী ভাইদের ব্যাপারে তাদের প্রতিপালকের সাথে এত প্রচন্ড তর্ক-বিতর্কে লিপ্ত হবে যে, তারা দুনিয়াতে অবস্থানকালে তাদের কেউ তার বন্ধুর পক্ষে ততটা প্রচন্ড বিতর্কে লিপ্ত হয়নি। তারা বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদের এ ভাইয়েরা তো আমাদের সাথে সালাত আদায় করতো, সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) রাখতো এবং হাজ্জ (হজ্জ) করতো। অথচ আপনি তাদেরকে জাহান্নামে দাখিল করেছেন।



তখন আল্লাহ তাআলা বলবেনঃ তোমরা যাও এবং তাদের মধ্যে যাদেরকে তোমরা চিনতে পারো, তাদের বের করে নিয়ে এসো। অতএব তারা তাদের কাছে যাবে এবং তাদের আকৃতি দেখে তাদের চিনতে পারবে। জাহান্নামের আগুন তাদের দৈহিক গঠনাকৃতি ভক্ষণ (নষ্ট) করবে না। আগুন তাদের কারো পদদ্বয়ের জংঘার অর্ধাংশ পর্যন্ত এবং কারো পদদ্বয়ের গোছা পর্যন্ত স্পর্শ করবে। তারা তাদেরকে জাহান্নাম থেকে বের করে এনে বলবে, হে আমাদের প্রভু! আপনি আমাদেরকে যাদের বের করে আনার নির্দেশ দিয়েছেন আমরা তাদের বের করে এনেছি।

অতঃপর আল্লাহ বলবেনঃ যাদের অন্তরে এক দ্বীনার পরিমাণ ঈমান আছে, অতঃপর যাদের অন্তরে অর্ধ দ্বীনার পরিমাণ ঈমান আছে, অতঃপর যাদের অন্তরে সরিষার দানা পরিমাণও ঈমান আছে, তোমরা তাদেরকেও বের করে নিয়ে এসো। আবূ সাঈদ বলেন, যার এ কথা বিশ্বাস না হয় সে যেন তিলাওয়াত করে (অনুবাদ) আল্লাহ অণু পরিমাণও জুলুম করেন না। কোন উত্তম কাজ হলে আল্লাহ তা দ্বিগুণ করেন এবং আল্লাহ তাঁর পক্ষ থেকে মহা পুরস্কার প্রদান করেন- (সূরাহ নিসা ৪ঃ ৪০)।

English

It was narrated that Abu Sa'eed Khudri said:

"The Messenger of Allah (ﷺ) said: 'When Allah has saved the believers from Hell and they are safe, none of you will dispute with his companion more vehemently for some right of his in this world than the believers will dispute with their Lord on behalf of their brothers in faith who have entered Hell. They will say: "Our Lord! They are our brothers, they used to pray with us, fast with us and perform Hajj with us, and you have admitted them to Hell." He will say: "Go and bring forth those whom you recognize among them." So they will come to them, and they will recognize them by their faces. The Fire will not consume their faces, although there will be some whom the Fire will seize halfway up their shins, and others whom it will seize up to their ankles. They will bring them forth, and will say. "Our Lord, we have brought forth those whom You commanded us to bring forth." Then He will say: "Bring forth those who have a Dinar's weight of faith in their hearts, then those who have half a Dinar's weight in their hearts, then those who have a mustard-seed's weight." Abu Sa'eed said. : "He who does not believe this, let him recite, 'Surely, Allah wrongs not even of the weight of an atom (or a small ant), but is there is any good (done), He doubles it, and gives from Him a great reward.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ২২, ৬৫৬০, ৭৪৪০; মুসলিম ১৮৩, ১৮৪।



তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহাহ ৩০৫৪, যিললুল জান্নাহ ৭৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন